

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

পরিচিতি

১৯৮৩ খ্রিস্টাব্দের ৬৮ নং অধ্যাদেশের মাধ্যমে বাংলাদেশের হিন্দু জনগোষ্ঠীর ধর্মীয় কল্যাণ সাধনের লক্ষ্যে হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠিত হয়। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী পদাধিকারবলে এ প্রতিষ্ঠানের চেয়ারম্যান এবং সরকার হিন্দু জনগোষ্ঠীর মধ্য থেকে তিন বছরের জন্য একুশজনকে ট্রাস্টি মনোনয়ন দিয়ে থাকেন। ট্রাস্টি বোর্ড এ সংস্থার পরিচালন বোর্ড হিসেবে কাজ করে থাকে। সরকার কর্তৃক পদায়নকৃত একজন যুগ্মসচিব বোর্ডের সচিব হিসেবে দায়িত্ব পালন করে থাকেন।

রূপকল্প (Vision) : হিন্দু সম্প্রদায়ের ধর্মীয় কল্যাণ সাধন ও সাম্প্রদায়িক সম্প্রীতির উন্নয়ন।

অভিলক্ষ্য (Mission) : হিন্দু ধর্মাবলম্বীদের সার্বিক কল্যাণ সাধনে হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানাদি পরিচালনা, সংস্কার, উন্নয়ন ও সম্প্রসারণে সহায়তা প্রদান এবং হিন্দু ধর্মের ইতিহাস, দর্শন ও সংস্কৃতি সম্পর্ক গবেষণা কার্যক্রম পরিচালনা এবং ধর্মীয় সংস্কৃতির প্রসার।

২০১৫-১৬ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি (Functions):

হিন্দুধর্মীয় প্রতিষ্ঠান সংস্কার ও অবকাঠামোগত উন্নয়নে আর্থিক

সহায়তা প্রদান করাই হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের প্রধান কাজ। ২০১৫-১৬ অর্থবছরে ট্রাস্ট তহবিল থেকে ১৪৬৯টি হিন্দুধর্মীয় প্রতিষ্ঠানে ১৬৪,৫০,০০০/=টাকা এবং ৮২২জন দুঃস্থব্যক্তিকে ৪১,৬০,০০০/=টাকা প্রদান করা হয়। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে প্রাপ্ত ১,৫০.০০,০০০/=টাকা দেশের প্রায় ৮,০০০/= পূজা মন্ডপে প্রদান করা হয়।

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট বিভিন্ন জাতীয় দিবস ও হিন্দুধর্মীয় পর্ব উপলক্ষে আলোচনা ও বিশেষ প্রার্থনার আয়োজন করে থাকে।



ট্রাস্ট কর্তৃক আয়োজিত মহান বিজয় দিবসের অনুষ্ঠানে বক্তব্য রাখছেন অধ্যাপক নিরঞ্জন অধিকারী, মঞ্চে উপবিষ্ট বীর মুক্তিযোদ্ধা আশালতা বৈদ্য, স্বপনকুমার রায়, গনেশচন্দ্র ঘোষ, সুশান্তচন্দ্র খাঁ ও বিচারপতি গৌরগোপাল সাহা।



শুভজন্মাষ্টমী উপলক্ষে ট্রাস্ট কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ট্রাস্টের ভাইস-চেয়ারম্যান বিচারপতি গৌরগোপাল সাহা।

মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে শুভেচ্ছা বিনিময়:

হিন্দুধর্মীয় পর্ব শুভ জন্মাষ্টমী এবং বিজয়াদশমীতে মহামান্য রাষ্ট্রপতি ঢাকাস্থ বিশিষ্ট হিন্দু ব্যক্তিবর্গের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করে থাকেন। হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট এই অনুষ্ঠানটির সাথে ওতোপ্রতভাবে জড়িত। এরই ধারাবাহিকতায় গত ০৫.০৯.২০১৫ ও ২৩.১০.২০১৬ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে হিন্দুধর্মীয় বিশিষ্ট ব্যক্তিবর্গের শুভেচ্ছা বিনিময় হয়।



হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের টাস্টিগণের পক্ষ থেকে মহামান্য রাষ্ট্রপতিকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হচ্ছে।

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নধীন মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২০১৫-১৬ অর্থবছরে শিশুদের প্রাক-প্রাথমিক ও নৈতিকতা বিষয়ে শিক্ষা প্রদানের লক্ষ্যে ৫৫০০টি মন্দিরে শিশু শিক্ষাকেন্দ্র স্থাপনের মাধ্যমে ১৬৫,০০০জন শিশুকে শিক্ষা প্রদান করেছে এবং তাদের মধ্যে বিনামূল্যে ৪,৯৫,০০০টি বই ও ৩,৩০,০০০টি খাতা এবং পেন্সিল সরবরাহ করা হয়েছে। অনুরূপভাবে ২৫০টি মন্দিরে বয়স্ক শিক্ষাকেন্দ্র স্থাপনের মাধ্যমে ৬২৫০জন নিরক্ষর ব্যক্তিকে অক্ষরজ্ঞান সম্পন্ন করে গড়ে তোলা হয়েছে।



কিশোরগঞ্জের একটি বয়স্ক শিক্ষাকেন্দ্র পরিদর্শন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ফিল্ড অফিসার শ্রী প্রশান্তকুমার বিশ্বাস

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নধীন আরও একটি প্রকল্প “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে সেবাইত ও পুরোহিতের দক্ষতাবৃদ্ধিকরণ”। এ প্রকল্পের মাধ্যমে ২০১৫-১৬ অর্থবছরে ৫২৫জন সেবাইত ও পুরোহিতকে সামাজিক মূল্যবোধ, বাল্যবিবাহ নিরোধ ও যৌতুক প্রতিরোধ, গবাদি পশু পালন, বৃক্ষরোপন, খাদ্য ও পুষ্টি এবং হিন্দু আইন ও পূজা পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



সেবাইত ও পুরোহিতদের প্রশিক্ষণের একটি দৃশ্য

তথ্য অধিকার আইন অনুযায়ী হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের তথ্য প্রদানকারী কর্মকর্তা হলেন -

শ্রী প্রশান্তকুমার বিশ্বাস

ফিল্ড অফিসার, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

১/আই পরিবাগ, শাহবাগ, ঢাকা-১০০০

ফোন:৯৬৬৮০৪৫, ৫৫০৭৬৪০৯, মোবাইল: ০১৭১৬৫০২১৫৯

২০১৫-১৬ অর্থবছরে ০২(দুই) জনকে তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদান করা হয়েছে।